



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

শহিদ শেখ রাসেলের শুভ জন্মদিনে উপাচার্যের শুভেচ্ছা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৮ অক্টোবর ২০২১।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের শুভ জন্মদিনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম শুভেচ্ছা জানিয়েছেন।

এক শুভেচ্ছা বার্তায় উপাচার্য বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে ঘাতকের বুলেটে নির্মমভাবে নিহত শেখ রাসেল আজ আমাদের মাঝে নেই। কিন্তু বাংলাদেশের সকল শিশুদের মধ্যে শহিদ শেখ রাসেল আজও অম্বান। ছোট শেখ রাসেলের উজ্জ্বল শিশু সভা বুকে ধারণ করে বাংলাদেশের শিশুরা বেড়ে উঠছে। উপাচার্য বলেন, শহিদ শেখ রাসেল শিশুদের মাঝে ভবিষ্যতের অদম্য স্পৃহা হয়ে জেগে আছে। শুভেচ্ছা বার্তায় উপাচার্য বাংলাদেশের সকল শিশুর নিরাপদভাবে বেড়ে উঠা এবং শিশুদের শান্তিময় জীবন কামনা করে শহিদ শেখ রাসেলের আত্মার শান্তি প্রার্থনা করেন।

শেখ রাসেলের শুভ জন্মদিনে বিশ্ববিদ্যালয়ের কর্মসূচি

শহিদ শেখ রাসেলের শুভ জন্মদিন উপলক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রশাসন বাদ আছর কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করেছে। এছাড়াও একই সময়ে বিশ্ববিদ্যালয়ের অন্যান্য মসজিদ ও উপসানালয়ে প্রার্থনার আয়োজন করা হয়েছে। দিবসটি উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের স্কুল ও কলেজে দুপুরে শুভ জন্মদিনের কেট কাটার আয়োজন করা হয়।

*মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)*